



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৭

০৮ এপ্রিল ২০২৪

তারিখ: -----

২৫ চৈত্র ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

মেয়াদি ঋণের সুদ আরোপ ও আদায় প্রসঙ্গে

শিরোনাম সংশ্লিষ্ট বিষয়ে ১৯ জুন ২০২৩ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে ঋণের সুদহার বাজারভিত্তিক করার লক্ষ্যে ০১ জুলাই ২০২৩ তারিখ হতে SMART (Six-months Moving Average Rate Of Treasury Bills) এর সাথে নির্ধারিত মার্জিন যোগ করে ঋণের সুদহার নির্ধারণ করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হয়।
- ৩। বিদ্যমান বৈশ্বিক বিরূপ অর্থনৈতিক পরিস্থিতির প্রেক্ষাপটে বর্তমানে SMART এর ভিত্তিতে নির্ধারিত সুদহার ০১ জুলাই ২০২৩ এর পূর্বের নির্ধারিত সুদহার অপেক্ষা অধিক হওয়ায় শিল্প প্রতিষ্ঠানসমূহ এবং ব্যক্তিক পর্যায়ে গৃহ নির্মাণ ঋণ গ্রহীতাগণের বর্ধিত কিস্তি প্রদানে সক্ষমতা হ্রাস পেয়েছে মর্মে পরিলক্ষিত হচ্ছে। বর্ণিতাবস্থায়, শিল্পায়ন ও রপ্তানির গতিধারা অক্ষুণ্ন রাখা এবং সীমিত আয়ের ঋণ গ্রহীতাদের ঋণ পরিশোধে সক্ষমতা বজায় রাখার নিমিত্ত বিদ্যমান মেয়াদি শিল্প ঋণ ও গৃহনির্মাণ ঋণের কিস্তির পরিমাণ বৃদ্ধি না করে মেয়াদ পুনর্বিন্যাসের বিষয়টি বিবেচনা করা আবশ্যিক।
- ৪। এক্ষেত্রে, ০১ জুলাই ২০২৩ তারিখের পূর্বে মঞ্জুরীকৃত মেয়াদি শিল্প ঋণ (Industrial Term Loan) এবং ভোক্তা ঋণের আওতায় প্রদত্ত গৃহ ঋণ (House Finance) এর উপর সুদ আরোপ ও আদায়ের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে:
 - (ক) ০১ জুলাই ২০২৩ তারিখের অব্যবহিত পূর্বে ব্যাংক কর্তৃক নির্ধারিত সুদহার অনুযায়ী কিস্তির পরিমাণ অপরিবর্তিত রেখে ঋণের কিস্তি আদায় করতে হবে। এক্ষেত্রে ৩১ মার্চ ২০২৪ তারিখের ঋণস্থিতি বিবেচনায় নিতে হবে;
 - (খ) বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এবং তৎসংশ্লিষ্ট সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সুদহার প্রয়োগপূর্বক হিসাবায়নকৃত কিস্তির পরিমাণ ০১ জুলাই ২০২৩ তারিখের পূর্বে নির্ধারিত কিস্তির পরিমাণের অতিরিক্ত হলে উক্ত অতিরিক্ত অর্থ সুদবিহীন পৃথক ব্লকড হিসাবে স্থানান্তর করতে হবে;
 - (গ) উপরোক্ত অনুচ্ছেদ নং-(ক) মোতাবেক কিস্তিসমূহ সম্পূর্ণ আদায়ের পর সুদবিহীন ব্লকড হিসাবে রক্ষিত অর্থ ০১ জুলাই ২০২৩ এর তারিখের পূর্বে নির্ধারিত কিস্তির সমপরিমাণ কিস্তিতে আদায় করতে হবে এবং এরূপ কিস্তিতে আদায়ের নিমিত্ত প্রয়োজনীয় মেয়াদ বৃদ্ধি করতে হবে। এরূপ আদায়ের ফলে প্রদত্ত বর্ধিত মেয়াদ বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২২ এর আওতায় ঋণ পুনর্গঠন হিসেবে গণ্য হবে না;
 - (ঘ) বেতনভোগী চাকুরিজীবীগণ কর্তৃক তাদের বেতনের বিপরীতে গৃহীত গৃহ ঋণের ক্ষেত্রে উক্ত গ্রাহকের চাকুরি হতে অবসর গ্রহণের সময়সীমার ভিত্তিতে ব্যাংক তাদের নিজস্ব বিবেচনায় ব্লকড হিসাবে রক্ষিত অর্থ পরিশোধের কিস্তি ও মেয়াদ নির্ধারণ করতে পারবে;

(পূর্ববর্তী পৃষ্ঠার পর হতে)

- (ঙ) ব্লকড হিসাবে রক্ষিত অর্থ আদায় শুরু হওয়ার পর হতে আদায়কৃত অর্থ হতে যথানিয়মে আয়খাতে স্থানান্তর করা যাবে;
- (চ) অনাদায়ে যথানিয়মে শ্রেণিকরণ করতে হবে ও মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে বিদ্যমান নির্দেশনা অনুযায়ী দণ্ড সুদ আরোপ করা যাবে;
- (ছ) এ সুবিধা প্রদান পরবর্তীতে কোনো ঋণ শ্রেণিকৃত হলে অথবা পুনঃতফসিল/পুনর্গঠন করা হলে উক্ত ঋণের ক্ষেত্রে সুবিধাটি বাতিল বলে গণ্য হবে এবং ব্লকড হিসাবে রক্ষিত সমুদয় অর্থ ঋণহিসাবে পুনঃস্থানান্তর করতে হবে;
- (জ) শুধুমাত্র ০১ এপ্রিল ২০২৪ তারিখে অশ্রেণিকৃত রয়েছে এমন ঋণ হিসাবসমূহ উল্লিখিত সুবিধার আওতাভুক্ত হবে। তবে আদালত কর্তৃক স্থগিতাদেশের মাধ্যমে অশ্রেণিকৃত রয়েছে এমন কোনো ঋণ হিসাবের বিপরীতে এ সুবিধা প্রদানযোগ্য হবে না;
- (ঝ) কোনো রূপান্তরিত মেয়াদি ঋণের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে না;
- (ঞ) খেলাপী ঋণ গ্রহীতা বা তার/তাদের গ্রুপভুক্ত ব্যক্তি, প্রতিষ্ঠান বা কোম্পানিকে এ সুবিধা প্রদান করা যাবে না;
- (ট) বাংলাদেশ ব্যাংক বা সরকার কর্তৃক প্রণীত/গঠিত কোনো প্রণোদনা প্যাকেজ/বিশেষ তহবিলের আওতায় প্রদত্ত ঋণের ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে না; এবং
- (ঠ) কোনো ঋণ গ্রহীতা বর্ণিত সুবিধাটি গ্রহণে সম্মত না হলে একটি অসম্মতিপত্র গ্রহণ সাপেক্ষে বিদ্যমান কিস্তিতে যথানিয়মে ঋণ আদায় করা যাবে।
- ৫। ইসলামি শরীয়াহ ভিত্তিক ব্যাংকসমূহ তাদের প্রদত্ত বিনিয়োগের ক্ষেত্রে উল্লিখিত নির্দেশনা অনুসরণকরত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- ৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
- ৭। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ হারুন-অর-রশিদ)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০০৯৫